

প্রথম বার্ষিক সমাবর্তন ২০১৮

ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

০১/০২/২০১৮

আগামী ৮ ফেব্রুয়ারি ২০১৮ (বৃহস্পতিবার) ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়-এর প্রথম বার্ষিক সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে। যে সকল শিক্ষার্থী-রা ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয় থেকে ২০১৬ এবং ২০১৭ শিক্ষাবর্ষে সফল ভাবে (M.A/ M.Sc) পাশ করেছেন এবং বিশ্ববিদ্যালয়-এর পূর্ববর্তী নির্দেশ অনুসারে 'ফর্ম ফিলাপ' করেছেন এবং টাকা জমা দিয়েছেন তাদের সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত থাকবার অনুরোধ করা হচ্ছে।

নির্দেশাবলী-

১. সমাবর্তনের দিন সকাল ৮.৩০-এর মধ্যে সকল উক্ত স্নাতকোত্তর ডিগ্রি প্রাপক-কে বিশ্ববিদ্যালয়-এ উপস্থিত থাকতে বলা হচ্ছে। বিশ্ববিদ্যালয়-এর দ্বিতীয় গেট (Gate No-2) দিয়ে ডিগ্রি প্রাপক এবং অভিভাবকদের ঢুকতে হবে। ডিগ্রি প্রাপক এবং তাঁদের অভিভাবকদের একই সঙ্গে আসতে অনুরোধ করা হচ্ছে।
২. প্রত্যেক ডিগ্রি প্রাপকের সঙ্গে একজন অভিভাবক/ অতিথি বিশ্ববিদ্যালয়-এ আসতে পারবেন।
৩. বিশ্ববিদ্যালয়-এ প্রবেশ করবার পর ডিগ্রি প্রাপকেরা টাকা জমা দেওয়ার কাগজ দেখিয়ে নিবন্ধীকরণ (Registration) করতে হবে। নিবন্ধীকরণের সময় প্রত্যেক ডিগ্রি প্রাপক ২ টি করে কার্ড (Entry Pass), একটি উত্তরীয় এবং কুপন সংগ্রহ করবেন।
৪. একটি কার্ড (Entry Pass) ডিগ্রি প্রাপক-রা অভিভাবকদের দেবেন। Entry Pass- ব্যতীত কোন অভিভাবক সমাবর্তন স্থলে প্রবেশ করবেন না।

৫. অভিভাবকেরা বিশ্ববিদ্যালয়-এর স্বেচ্ছাসেবকদের (Volanteer) নির্দেশানুসারে নির্দিষ্ট আসনে বসার বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

৬. বিশ্ববিদ্যালয়-এর নির্দেশানুসারে প্রত্যেক স্নাতকোত্তর ডিগ্রি প্রাপক-কে সাদা শাড়ি সবুজ পাড় এবং সাদা ব্লাউজ পরে আসতে হবে।

৭. বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠানের দিন স্নাতকোত্তর ডিগ্রি প্রাপক এবং তাঁদের অভিভাবক-রা যথেষ্ট ঘোরাফেরা করা চলবে না।

৮. ডিগ্রি প্রাপক-রা এরপর নির্দিষ্ট স্থানে লাইন করবেন। প্রত্যেক ডিগ্রি প্রাপক কেবলমাত্র নির্দিষ্ট লাইন থেকেই সমাবর্তনস্থলে প্রবেশ করবেন। যথেষ্টভাবে সমাবর্তন স্থলে প্রবেশ করা যাবে না।

৯. স্টেজে ওঠার সময় শিক্ষার্থী-রা খালি হাতে উঠবেন। ফোন, টিফিন বা ব্যাগ অভিভাবকদের কাছে অথবা অন্যত্র রেখে আসতে হবে।

১০. লাইনে উপস্থিত হবার পর এবং সমাবর্তনস্থলে প্রবেশ করবার পর অনুষ্ঠান শেষ হবার পূর্বে কাউকে সমাবর্তনস্থল ত্যাগ না করার অনুরোধ জানানো হচ্ছে।

১১. সমাবর্তনস্থলে কোন খাবার নিয়ে প্রবেশ করবেন না।

১২. ডিগ্রি প্রাপক-রা অবশ্যই খালি হাতে স্টেজে উঠবেন।

১৩. সমাবর্তন স্থলে সকলে ফোন সুইচ অফ বা নীরব করে রাখবেন। সমাবর্তনস্থলে নীরবতা পালন করার অনুরোধ জানানো হচ্ছে।

১৪. কেউ ছবি তুলবেন না।

১৫. সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত স্বেচ্ছাসেবক এবং বিশ্ববিদ্যালয়-এর কর্মচারীদের সঙ্গে সহায়তা করার অনুরোধ করা হচ্ছে।

১৬. মাননীয় আচার্য তথা রাজ্যপাল যখন অনুষ্ঠান স্থলে প্রবেশ করবেন এবং অনুষ্ঠান স্থল ত্যাগ করবেন তখন সবাই-কে উঠে দাঁড়াতে হবে। জাতীয় সঙ্গীতের সময় উঠে দাঁড়াতে হবে।

১৭. বিশ্ববিদ্যালয়-এর নির্দেশাবলী উক্ত দিনে সকলে মানতে বাধ্য থাকবে।

১৮. বিশ্ববিদ্যালয় প্রাপ্ত পরিষ্কার রাখতে অনুরোধ করা হচ্ছে।

১৯. সকাল ৯.৪৫-এ রেজিষ্ট্রেশন শেষ হবে।

২০. সকাল ১০.১৫-র পরে আর কোন স্নাতকোত্তর ডিগ্রি প্রাপক সমাবর্তন-স্থলে প্রবেশ করতে পারবে না।

নির্দেশানুসারে-

ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়